

আপনি একবার সমীক্ষাটি সম্পূর্ণ করলে তারপর কী হবে?



প্রত্যেক ব্যক্তির উত্তর গোপন রাখা হবে।



সমস্ত পরিবারের উত্তরের একটি
সংক্ষিপ্তসার বার্ষিক রিপোর্টে অন্তর্ভুক্ত
করা হয়। কোনও নাম বা সনাক্তকারী
তথ্য অন্তর্ভুক্ত থাকে না।



কর্মসূচিটি আরও ভালো করে তুলতে
সহায়তার জন্য এই রিপোর্টটি ব্যবহার
করা হয়।

অনুগ্রহ করে মনে রাখবেন...



সমীক্ষাটি সম্পূর্ণ করতে 10 মিনিটের
বেশি সময় লাগার কথা নয়।





খাতাকলমে অথবা বৈদ্যুতিকভাবে
আপনার সমীক্ষাটি সম্পূর্ণ করুন।



সমীক্ষাটি ছয়টি ভাষায় উপলভ্য।

সমস্ত শিশু এবং পরিবারগুলোর
জন্য EIP উন্নতির বিষয়ে আপনার
মতামত জানানোর জন্য ধন্যবাদ!



আপনার সমীক্ষায় সহায়তার জন্য Bureau of Early Intervention (ব্যুরো অব আর্লি ইন্টারভেনশন)-এর সঙ্গে যোগাযোগ করুন

New York State Department of Health
Bureau of Early Intervention
(518) 473-7016
beipub@health.ny.gov
[https://www.health.ny.gov/community/
infants_children/early_intervention/](https://www.health.ny.gov/community/infants_children/early_intervention/)

19526 (Bengali)



Department
of Health

10/22

পারিবারিক ফলাফলের সমীক্ষা

আপনার পরিবারের অভিজ্ঞতা
শেয়ার করুন!



Department
of Health

Bureau of
Early Intervention

কেন পরিবারগুলোর থেকে EIP-এর জানা প্রয়োজন?

কীভাবে আর্লি ইন্টারভেনশন প্রোগ্রাম (EIP) পরিষেবা পরিবারগুলোকে এবং তাদের শিশুকে সাহায্য করে সেই বিষয়ে গুরুত্বপূর্ণ তথ্য তারা শেয়ার করতে পারে। পরিবারগুলোর কথা শুনলে, তাদের আরও ভালো সহায়তা প্রদানের জন্য আমরা কোথায় পরিবর্তন করতে পারি তা বোঝা যায়।



কর্মসূচিতে আপনার কাটানো সময় শেষ হওয়ার পর, আমরা আশা করি আপনি...

- EIP পরিষেবা সম্পর্কিত আপনার সন্তান এবং পরিবারের অধিকার বিষয়ে জানবেন।
- আপনার সন্তান এবং পরিবারের সাথে যে সকল ব্যক্তি কাজ করছেন তাদের সঙ্গে আরও কার্যকরীভাবে কীভাবে যোগাযোগ করতে হয় তা জানবেন।
- আপনার সন্তানের বিশেষ প্রয়োজনগুলো বুঝবেন।

আমাদের কেন আপনার সহায়তা প্রয়োজন?



গতবছর, সমীক্ষার মাত্র 14% ফেরৎ এসেছিল, ফলে 86% পরিবারের মতামত অজানাই থেকে গিয়েছিল!

আমরা নিশ্চিত করতে চাই
যেন সমস্ত পরিবারের বক্তব্য
উপস্থাপিত হয়!

আপনি কীভাবে সাহায্য করতে পারেন?



অনুগ্রহ করে আমাদের সংক্ষিপ্ত সমীক্ষাটি পূরণ করুন এবং আমরা কোন কাজটা ভালো করছি আর কীভাবে আমরা সমস্ত পরিবারের জন্য আরও ভালো পরিষেবা দিতে পারি সেই বিষয়ে আমাদের জানান।

সমীক্ষা নিয়ে আপনার প্রশ্ন
থাকলে অথবা সহায়তার
প্রয়োজন হলে, 518-473-7016
নম্বরে ফোন করুন।